

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
থানচি, বান্দরবান পার্বত্য জেলা।
www.bbs.thanchi.gov.bd

ইউনিয়ন	জনসংখ্যা (জনশুমারি ও গৃহগণনা ২০২২)
বলিপাড়া	৬৪৯৭
থানচি সদর	৯৮৩৫
রেমাক্রি	৮১৪৮
তিন্দু	৫৩১০

জনসংখ্যা : ২৯৭৯০ পুরুষ : ১৫৬৯৬ মহিলা : ১৪০৯৪

খানা : ৬৩১০ খানার আকার : ৪.৫৭

সাক্ষরতার হার : ৫০.৬৮ পুরুষ : ৬০.৮০ মহিলা : ৩৯.১৬

উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of Upazila Office)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

জনশুমারি ও গৃহগণনা ২০২২-এর চূড়ান্ত গণনা কার্যক্রম এবং পোস্ট ইনুমারেশন চেক (পিইসি) কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। এছাড়া স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম, হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES), লিটারেসি অ্যাসেসমেন্ট সার্ভে, শ্রমশক্তি জরিপ, শিশুশ্রম জরিপ, জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ পরিচালিত হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

জাতীয় পরিসংখ্যান ব্যবস্থা শক্তিশালীকরণের লক্ষ্যে শূন্য পদে জনবল নিয়োগ বিবিএস এর একটি বড় চ্যালেঞ্জ। এছাড়া জেলা ও উপজেলা পর্যায়ে নিজস্ব অফিস ভবন, জনবলের প্রশিক্ষণ, মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের জন্য আধুনিক তথ্য প্রযুক্তির ব্যবহার ও তথ্য প্রক্রিয়াকরণের ব্যবস্থা, পরিসংখ্যান প্রস্তুতকরণে তথ্য-উপাত্ত সংক্রান্ত সংজ্ঞা, ধারণা ও পদ্ধতির প্রমিতকরণ ও সামঞ্জস্য বিধান, তথ্য সংগ্রহে প্রতিবন্ধকতা ছাড়াও বিভিন্ন দপ্তর/সংস্থা হতে তথ্য-উপাত্ত সংগ্রহের ক্ষেত্রে সকল অন্তরায় দূরীকরণ বিবিএস এর অন্যতম চ্যালেঞ্জ। পরিসংখ্যানিক তথ্য ও উপাত্ত প্রদানে উত্তরদাতার অনাগ্রহ সঠিক পরিসংখ্যান প্রস্তুতের ক্ষেত্রে অন্তরায় হিসেবে কাজ করে। বিবিএস এর লক্ষ্যমাত্রা অর্জনে গৃহিত কার্যক্রমসমূহের বাজেট স্বল্পতা এবং বাজেট সময়মত না পাওয়া কাজের গতিকে শ্লথ করে।

ভবিষ্যৎ পরিকল্পনা

বিদ্যমান জনবলের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের ব্যবস্থা করা, মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের জন্য আধুনিক তথ্য-প্রযুক্তির ব্যবহার ও তথ্য প্রক্রিয়াকরণের ব্যবস্থা করা, প্রযুক্তিগত ও পেশাগত নেটওয়ার্ক শক্তিশালীকরণ, পরিসংখ্যান প্রস্তুতকরণে তথ্য-উপাত্ত সংক্রান্ত সংজ্ঞা, ধারণা ও পদ্ধতির প্রমিতকরণ ও সামঞ্জস্য বিধানে 'পরিসংখ্যান আইন ২০১৩' অনুসারে ব্যবস্থা গ্রহণ করা।

২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- দেশব্যাপী জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর কমিউনিটি রিপোর্ট প্রকাশ;
- মাঠ পর্যায়ে অর্থনৈতিক শুমারি পরিচালনা;
- মাঠ পর্যায়ে আর্থসামাজিক ও জনমিতিক জরিপ-এর রিপোর্ট প্রকাশ;

রূপকল্প ,অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ, প্রধান কার্যাবলি

১:রূপকল্প ১.

আন্তর্জাতিক মানের জাতীয় পরিসংখ্যান প্রস্তুত

১:অভিলক্ষ্য ২.

দেশের উন্নয়ন ও জনকল্যাণে আধুনিক পদ্ধতিতে পরিসংখ্যান প্রস্তুত এবং উন্নততর তথ্য-প্রযুক্তির মাধ্যমে তা বিশ্লেষণ, সংরক্ষণ ও প্রকাশ

১ ৩. কর্মসম্পাদনের ক্ষেত্র:

১উপজেলা অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র ১.৩.

- ছয়টি প্রধান ফসলের জরিপ পরিচালনা ও তথ্য সংগ্রহ
- অন্যান্য কৃষি পরিসংখ্যান সংক্রান্ত জরিপ পরিচালনা ও তথ্য সংগ্রহ
- প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি;

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১ ৪.প্রধান কার্যাবলি:

- ১ . সরকারি পর্যায়ে উন্নয়ন পরিকল্পনাবিদ জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা ,গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠান ,নির্ধারক-নীতি ,এবং অন্যান্য ব্যবহারকারীগণের চাহিদা অনুসারে দ্রুততার সাথে নির্ভরযোগ্য ও ব্যবহারবান্ধব পরিসংখ্যান সরবরাহকরণ;
২. সঠিক নির্ভুল ও ,সময়োপযোগী পরিসংখ্যান প্রণয়নের জন্য দেশের আর্থসামাজিক বিভিন্ন ক্ষেত্রে- জরিপ পরিচালনা ;
- ৩ . জনশুমারি ও গৃহগণনা ,শস্য) কৃষি ,মৎস্য ও প্রাণিসম্পদঅর্থনৈতিক শুমারিসহ অন্যান্য শুমারি ও জরিপের ,শুমারি (লক্ষ্যে যাবতীয় কার্যক্রম গ্রহণ

